

ইসলামী ছাত্র
শিবিরের সমাবেশ

সংগ্রাম বন্ধের দাবীতে গতকাল
সকালে বাসতুল মোকাররমের
উত্তর গেটে ইসলামী ছাত্র শিবিরের
এক সমাবেশ ও বিক্ষোভ মিছিল
(শেষ পৃ: ৬-এর ক: ৮ঃ)

ইসলামী ছাত্র শিবির

(১ম পৃ: পর)

অনুষ্ঠিত হয়। সংগঠনের সেক্রেটারী
জেনারেল আমিনুল ইসলামের সভা-
পতিত্বে সমাবেশে ছাত্রদল কর্তৃক
ঢাকা আলীয়া মাদ্রাসার ছাত্র রবি-
উল ইসলামকে হত্যার তীব্র নিন্দা
করা হয়। বক্তারা বলেন, ছাত্র
দলসহ বিভিন্ন দলের মধ্যে লুকা-
ইয়া থাকা এজেন্টরা সম্রাসকে
সারাদেশে ছড়াইয়া দিতেছে।
নিজ নিজ দল হইতে সম্রাসীদের
বহিকারের দাবী জানাইয়া শিবির
নেতার সহনশীল গণতান্ত্রিক পরি-
বেশ সৃষ্টির জন্য সংশ্লিষ্ট সকলের
প্রতি আহ্বান জানান। সমাবেশ
শেষে একটি বিক্ষোভ মিছিল
বাহির করা হয়।

শিবিরের সভাপতি ও সেক্রে-
টারী জেনারেল গতকাল এক যুক্ত
বিবৃতিতে চট্টগ্রামে ছাত্রলীগের
(হা-অ) হানলায় সুলতান আহ-
মদের হত্যাকাণ্ডের সাথে শিবিরকে
জড়ানোর তীব্র নিন্দা করিয়াছেন।
তাহারা বলেন, শিবির কর্মীরা
হত্যা, সম্রাস ও অস্ত্রের রাজ-
নীতিতে বিশ্বাস করে না। তাহারা
সুলতান আহমদের খুনীদের দৃষ্টান্ত
মূলক শাস্তিদানের দাবী জানান।
বিজ্ঞপ্তি।

166